# আল-মুরসালাত | Al-Mursalat | ٱلْمُرْسَلَات

আয়াতঃ ৭৭ : ২৪

## আরবি মূল আয়াত:

وَيۡلٞ يَوۡمَئِذٖ لِّلۡمُكَذِّبِينَ ﴿٢٤﴾

## অনুবাদসমূহ:

মিথ্যারোপকারীদের জন্য সেদিনের দুর্ভোগ! — আল-বায়ান

সে দিন দুর্ভোগ সত্য প্রত্যাখ্যানকারীদের জন্য। — তাইসিরুল

সেদিন দুর্ভোগ মিথ্যা আরোপকারীদের জন্য। — মুজিবুর রহমান

Woe, that Day, to the deniers. — Sahih International

## ২৪. সেদিন দুর্ভোগ মিথ্যারোপকারীদের জন্য।(১)

(১) এখানে এ আয়াতাংশ যে অর্থ প্রকাশ করছে তা হলো, মৃত্যুর পরের জীবনের সম্ভাব্যতার এ স্পষ্ট প্রমাণ সামনে থাকা সত্বেও যারা তা অস্বীকার করছে তাদের জন্য ধ্বংস অনিবার্য। [দেখুন: সা'দী] সুতরাং তারা আখেরাত ও পুনরুত্থান নিয়ে যত ইচ্ছা! হাসি রঙ-তামাসা ও ঠাট্টা-বিদ্রূপ করুক এবং এর ওপর বিশ্বাস স্থাপনকারী লোকদের তারা যত ইচ্ছা ‘সেকেলে’ অন্ধবিশ্বাসী এবং কুসংস্কারাচ্ছন্ন বলতে থাকুক। যে দিনকে এরা মিথ্যা বলছে যখন সেদিনটি আসবে তখন তারা জানতে পারবে, সেটিই তাদের জন্য ধ্বংসের দিন।

তাফসীরে জাকারিয়া

## (২৪) সেদিন দুর্ভোগ মিথ্যাজ্ঞানকারীদের জন্য।

-

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=5646

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন